

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ,
গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-৯৫/২০২৩-২০২৪

ময়মনসিংহ, ২৯ জানুয়ারি, সোমবার ২০২৪, ১৫ মাঘ ১৪৩০

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

- ০১। নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম ক্রয়ক্ষমতায় আনা সরকারের অন্যতম চ্যালেঞ্জ বলে মন্তব্য সেতুমন্ত্রীর
- ০২। এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু ১৫ ফেব্রুয়ারি; বন্ধ থাকবে কোচিং সেন্টার
- ০৩। আলু, পেঁয়াজের মূল্যবৃদ্ধি রোধে কমিটি গঠনে নির্দেশ হাইকোর্টের
- ০৪। ২৫০ হজ্জাযাত্রী থাকলেই হজে পাঠাতে পারবে এজেন্সি

০১। নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম ক্রয়ক্ষমতায় আনা সরকারের অন্যতম চ্যালেঞ্জ বলে মন্তব্য সেতুমন্ত্রী

নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম সাধারণ মানুষের ক্রয়ক্ষমতার মধ্যে নিয়ে আসা বর্তমান সরকারের অন্যতম চ্যালেঞ্জ বলে মন্তব্য করেছেন সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। তিনি বলেন, দ্রব্যমূল্য বাড়ছে এটা বাস্তবতা, অস্বীকার করে লাভ নেই। এ নিয়ে সরকারের প্রথম মন্ত্রিসভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা নির্দেশনা দিয়েছেন। আমরা কাজ শুরু করে দিয়েছি। রবিবার (২৮ জানুয়ারি) সচিবালয়ে নিজ দপ্তরে ঢাকায় নিযুক্ত ভারতীয় হাইকমিশনার প্রণব কুমার ভার্মার সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাব এসব কথা বলেন তিনি। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ ও দৈনিক স্বজন।

০২। এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু ১৫ ফেব্রুয়ারি; বন্ধ থাকবে কোচিং সেন্টার

চলতি বছর এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু হবে ১৫ ফেব্রুয়ারি। ১৩ ফেব্রুয়ারি থেকে ১২ মার্চ পর্যন্ত বন্ধ থাকবে কোচিং সেন্টার। রবিবার (২৮ জানুয়ারি) শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে এসএসসি ও সমমান পরীক্ষা সুষ্ঠুভাবে এবং প্রশ্নফাঁসের গুজবমুক্ত পরিবেশে সম্পন্ন করার লক্ষ্যে জাতীয় মনিটরিং ও আইনশৃঙ্খলা কমিটির সভায় এ সিদ্ধান্ত গ্রহণ করা হয়। শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় জানানো হয়, এবছর এসএসসি, দাখিল, এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষায় ২৯ হাজার ৭৩৫টি শিক্ষাপ্রতিষ্ঠানের ০৩ হাজার ৭০০টি কেন্দ্রে ২০ লাখ ২৪ হাজার ১৯২ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করবে। সূত্র: দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক নিউ টাইমস ও দৈনিক আজকের ময়মনসিংহ।

০৩। আলু, পৈয়াজের মূল্যবৃদ্ধি রোধে কমিটি গঠনে নির্দেশ হাইকোর্টের

আলু, পৈয়াজ, ডিম, রসুনসহ যাবতীয় কৃষিপণ্যের সময়ে সময়ে মূল্যবৃদ্ধির ঘটনা রোধে উচ্চপর্যায়ের কমিটি গঠনের নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। বাণিজ্য সচিব ও কৃষি সচিবকে কমিটি গঠন করতে বলা হয়েছে। একই সঙ্গে কৃষিপণ্যের মূল্যবৃদ্ধি রোধে বিবাদীদের ব্যর্থতা কেন অবৈধ ঘোষণা করা হবে না- তা জানতে চেয়ে রুল জারি করেছে আদালত। রবিবার (২৮ জানুয়ারি) বিচারপতি মোস্তফা জামান ইসলাম ও বিচারপতি মোঃ আতাবুল্লাহর হাইকোর্ট বেঞ্চ এই আদেশ দেন। পাশাপাশি কৃষিপণ্যের মূল্য সহনীয় পর্যায়ে রাখতে কৃষিপণ্যের উৎপাদনস্থলে কেন বাজার ব্যবস্থাপনা করা হবে না, রুলে তাও জানতে চাওয়া হয়েছে। সূত্র: দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস।

০৪। ২৫০ হজ্জযাত্রী থাকলেই হজ্জে পাঠাতে পারবে এজেন্সি

সম্প্রতি বাংলাদেশের অনুরোধের পরিপ্রেক্ষিতে সরাসরি হজ্জযাত্রী পাঠাতে কোটা কমানোর সিদ্ধান্ত নিয়েছে সৌদি আরব। সিদ্ধান্তে সর্বনিম্ন কোটা ৫০০ থেকে ২৫০ জন করা হয়েছে। অর্থাৎ এজেন্সিগুলোর ২৫০ জন হজ্জযাত্রী থাকলেই তাদেরকে সরাসরি হজ্জে পাঠাতে পারবে। শনিবার (২৭ জানুয়ারি) হজ্জ এজেন্সিস এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব) এবং এজেন্সিগুলোকে এ খবর জানিয়েছে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়। সূত্র: দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস ও দৈনিক নিউ টাইমস।

সম্পাদকীয়

- (ক) **দৈনিক স্বজন:** দেশের চিকিৎসা ব্যয় আগের তুলনায় অনেক বেড়ে গেছে। পাশাপাশি গত দুই বছরে প্রায় সব ধরনের ওষুধের দাম কয়েক দফা বেড়েছে। ওষুধের মূল্যবৃদ্ধির বিষয়টি একটি যৌক্তিক প্রক্রিয়ার মধ্যে নিয়ে আসতে হবে এবং তা সাধারণ মানুষের নাগালের মধ্যে রাখতে হবে।
- (খ) **দৈনিক নিউ টাইমস:** বর্ধিত জনসংখ্যার খাদ্য চাহিদা মেটাতে প্রয়োজন বেশি কৃষি জমি ও বেশি ফসল উৎপাদন। কিন্তু ঘরবাড়ি, শিল্প-কলকারখানা, রাস্তাঘাট, হাটবাজারসহ নানা প্রয়োজনে ক্রমাগতভাবেই কমছে কৃষিজমির পরিমাণ। তাই কৃষিজমির মাটিকাটা অবিলম্বে বন্ধ করা হোক। পাশাপাশি যেসব ইটভাটা অবৈধভাবে কৃষি জমির মাটি নিবে সেগুলো স্থায়ীভাবে বন্ধ করার পদক্ষেপ নিতে হবে। সূত্র: দৈনিক আজকের ময়মনসিংহ।
- (গ) **দৈনিক স্বদেশ সংবাদ:** রাজধানীর মোট জনসংখ্যার হিসাবে প্রায় ৭০ থেকে ৭৫ ভাগ লোক ভাড়া বাসায় থাকেন। কিন্তু বাস্তবতার প্রয়োজনে নানা বিড়ম্বনাকে সঞ্জী করে ভাড়া বাসায় থাকছে মানুষ। এজন্য প্রয়োজনে বাড়ি ভাড়া আইন পুরোপুরি কার্যকর করতে কর্তৃপক্ষীয় ব্যবস্থা এবং প্রয়োজনীয় নতুন আইন করা প্রয়োজন।

প্রবন্ধ/নিবন্ধ

- ০১। রাজধানীতে আশঙ্কাজনক হারে বাড়ছে বায়ুদূষণ -ফারদিন রেদোয়ান। দৈনিক স্বজন।
- ০২। উপকূলীয় অঞ্চলে রিলে পদ্ধতিতে গম উৎপাদন- ড. মুনয়্য গুহ নিয়োগী। সূত্র: দৈনিক আজকের ময়মনসিংহ, দৈনিক নিউ টাইমস।

#

রিদওয়ান/রেজভী/সজিব/২০২৪/১০.৩০ ঘণ্টা।